**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ৬ ডিসেম্বর ২০১৫, ২২ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গণতন্ত্র মুক্তি দিবস উপলক্ষে গণতন্ত্র শক্তিশালী করতে এক হয়ে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর
২। চিকিৎসার নামে অপচিকিৎসা করলে ব্যবস্থা : স্বাস্থ্যমন্ত্রী
৩। বাংলাদেশ নিরাপত্তার দিক থেকে আমেরিকার চেয়ে এগিয়ে : ভোলায় স্বরাষ্ট্রমন্ত্রী
৪। সব উপজেলায় শিক্ষা প্রকৌশল অধিদফতর কার্যালয় হচ্ছে
৫। জলবায়ু পরিবর্তন নিয়ে মার্কিন সিনেটরদের সঙ্গে বৈঠকে বাংলাদেশের পরিবেশ ও বনমন্ত্রী
৬। গণতন্ত্রের মুখোশ পরা চক্র নিষ্ক্রিয় করতে হবে : তথ্যমন্ত্রী
৭। ঢাকায় আগত ফেসবুক কর্মকর্তাদের সঙ্গে বৈঠক আজ
৮। আইএসের সঙ্গে জড়িত সন্দেহে মালয়েশিয়ায় বাংলাদেশিসহ গ্রেফতার ৫
৯। পৌরসভা নির্বাচনে প্রার্থী বাছাই আজ শেষ হচ্ছে
: একাধিক মেয়র ও কাউন্সিলর প্রার্থীর মনোনয়নপত্র বাতিল
১০। দিনাজপুরের কাহারোলের কান্তজিউ রাসমেলায় বোমা হামলা, আহত ১০
১১। জঙ্গি উসকানিদাতাদের চিহ্নিত করা হবে : আইজিপি
১২। প্রবাসীদের জন্য পেনশন স্কিম চালু করার প্রস্তাব গভর্নরের

চলমান পাতা/২

**১। গণতন্ত্র মুক্তি দিবস উপলক্ষে গণতন্ত্র শক্তিশালী করতে এক হয়ে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণতন্ত্রের ভিত্তিকে আরও শক্তিশালী করতে দেশের উন্নয়ন ও জনগণের কল্যাণে সবাইকে একতাবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, আওয়ামী লীগ সরকার গণতন্ত্র, সংবিধান, আইনের শাসন ও মানবাধিকার সমুন্নত রাখতে অঙ্গীকারবদ্ধ। আমরা বিচারহীনতার সংস্কৃতি বন্ধ করেছি। আমরা সপরিবারে জাতির পিতার হত্যার বিচারের রায় কার্যকর করেছি। জাতীয় চার নেতা হত্যার বিচার সম্পন্ন হয়েছে। একাত্তরের যুদ্ধপরাধী মানবতাবিরোধীদের বিচার রায় কার্যকর হচ্ছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কোনো ষড়যন্ত্রই আমাদের সত্য ও ন্যায় এবং মানুষের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার পথ থেকে বিচ্যুত করতে পারবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'গণতন্ত্র মুক্তি দিবস' উপলক্ষে দেওয়া বাণীতে এ আহ্বান জানান। আজ গণতন্ত্র মুক্তি দিবস। ১৯৯০ সালের এই দিনে স্বৈরাচারের পতন হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

**২। চিকিৎসার নামে অপচিকিৎসা করলে ব্যবস্থা : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, যারা চিকিৎসার নামে অপচিকিৎসা করছে, বাণিজ্য করছে, গ্রামে গিয়ে চিকিৎসা প্রদানে অনীহা প্রকাশ করছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল ৫ ডিসেম্বর শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত ১৩তম ইন্টারন্যাশনাল সার্জিক্যাল কংগ্রেস ও সার্ক সার্জিক্যাল কংগ্রেসে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। 'সোসাইটি অব সার্জনস অব বাংলাদেশ' এই কংগ্রেসের আয়োজন করে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**৩। বাংলাদেশ নিরাপত্তার দিক থেকে আমেরিকার চেয়ে এগিয়ে : ভোলায় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বাংলাদেশ নিরাপত্তার দিক থেকে আমেরিকার চেয়ে এগিয়ে। আমরা ধর্মভীরু কিন্তু ধর্মান্ধ নই। দেশে আইএসের কোনো অস্তিত্ব নেই। জনগণের সম্মিলিত সহযোগিতায় আমরা বাংলাদেশকে উন্নত দেশের পর্যায়ে এগিয়ে নিতে চাই। গতকাল ৫ ডিসেম্বর শনিবার ভোলার দক্ষিণ আইচা থানার নবনির্মিত ভবন উদ্বোধন উপলক্ষে আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৮)।

**৪। সব উপজেলায় শিক্ষা প্রকৌশল অধিদফতর কার্যালয় হচ্ছে**

দেশের সকল উপজেলায় হচ্ছে শিক্ষা প্রকৌশল অধিদফতরের কার্যালয়। গতকাল ৫ ডিসেম্বর শনিবার রাজধানীতে শিক্ষা প্রকৌশল অধিদফতর ডিপ্লোমা প্রকৌশলী সমিতির জাতীয় সম্মেলনে এ ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। একই সঙ্গে তিনি বলেছেন, বর্তমানে জেলাভিত্তিক শিক্ষা প্রকৌশল কার্যালয় থেকে তৃণমূল পর্যায়ের শিক্ষা অবকাঠামোর নির্মাণকালীন তদারকি অত্যন্ত কঠিন। তাই উপজেলা পর্যায়ে শিক্ষা প্রকৌশল অধিদফতরের কার্যালয় সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। রাজধানীর কাকরাইলের আইডিইবি মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদফতর ডিপ্লোমা প্রকৌশলী সমিতির জাতীয় সম্মেলন ২০১৫ ও ২১তম কাউন্সিল অধিবেশনের উদ্বোধন করে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৫। জলবায়ু পরিবর্তন নিয়ে মার্কিন সিনেটরদের সঙ্গে বৈঠকে বাংলাদেশের পরিবেশ ও বনমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিয়ে যুক্তরাষ্ট্রের চার অঙ্গরাজ্যের সিনেটরদের সঙ্গে কার্যকর বৈঠক করেছেন বাংলাদেশের ২ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদলের সদস্যরা। বাংলাদেশের পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জুর উপস্থিতিতে ওই বৈঠকে জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের সাধারণ মানুষ কীভাবে স্থিতিস্থাপক উন্নয়নে পিছিয়ে পড়ছে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অন্যদিকে জলবায়ু পরিবর্তনের কারণে অনুন্নত দেশগুলোতে কী প্রভাব পড়ছে, তার ওপর গুরুত্ব আরোপ করে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল। তারা আশাবাদ ব্যক্ত করে জানান, 'কপ২১' সম্মেলনে বাংলাদেশ এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহায়তা করবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৭,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৬। গণতন্ত্রের মুখোশ পরা চক্র নিষ্ক্রিয় করতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাংলাদেশে আর কোনোদিন সামরিক শাসন ও স্বাধীনতাবিরোধী রাজনৈতিক শক্তি যাতে ক্ষমতায় না আসে তার জন্য বিএনপি-জঙ্গিচক্রকে নিষ্ক্রিয় করতে হবে। তারাই জঙ্গি ও স্বাধীনতাবিরোধী যুদ্ধাপরাধীদের পৃষ্ঠপোষকতা করে। গতকাল ৫ ডিসেম্বর শনিবার রাজধানীর ধলপুর কমিউনিটি সেন্টারে ঢাকা মহানগর জাসদ (পূর্ব) আয়োজিত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪, ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১)।

চলমান পাতা/৩

**৭। ঢাকায় আগত ফেসবুক কর্মকর্তাদের সঙ্গে বৈঠক আজ**

সরকারের আলোচনার প্রস্তাবে সাড়া দিয়ে ঢাকায় এসেছেন ফেসবুকের দুই উর্ধ্বতন কর্মকর্তা। আজ ৬ ডিসেম্বর রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সরকারের উর্ধ্বতনদের সঙ্গে বৈঠক করবেন ফেসবুকের ওই দুই কর্মকর্তা। জানা গেছে, বৈঠকে বাংলাদেশের তরফ থেকে এখানে এডমিন বসাতে ও চুক্তি করার ব্যাপারে আগ্রহ দেখানো হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

**৮। আইএসের সঙ্গে জড়িত সন্দেহে মালয়েশিয়ায় বাংলাদেশিসহ গ্রেফতার ৫**

জঙ্গিগোষ্ঠী ইসলামিক স্টেট (আইএস) ও আল কায়েদার সঙ্গে জড়িত সন্দেহে মালয়েশিয়ায় এক বাংলাদেশি ও এক ইউরোপীয়সহ ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। তারা শিক্ষক হিসেবে দেশটিতে কর্মরত ছিলেন। গতকাল ৫ ডিসেম্বর শনিবার এক বিবৃতিতে দেশটির পুলিশ বিভাগ এসব কথা জানিয়েছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৯। পৌরসভা নির্বাচনে প্রার্থী বাছাই আজ শেষ হচ্ছে**

**: একাধিক মেয়র ও কাউন্সিলর প্রার্থীর মনোনয়নপত্র বাতিল**

পৌরসভা নির্বাচনে প্রার্থী বাছাইয়ের কাজ শেষ হচ্ছে আজ। কমিশন জানিয়েছে আজ ৬ ডিসেম্বর রোরবার বাছাই শেষে যারা বৈধ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন তারা আগামী ৯ ডিসেম্বর থেকে প্রতীক ছাড়া নির্বাচনী প্রচারের সুযোগ পাচ্ছেন। তবে প্রতীক নিয়ে প্রচারের জন্য ১৪ ডিসেম্বর পর্যন্ত প্রার্থীদের অপেক্ষ করতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)। **ভোরের কাগজ, সমকাল, যায়যায়দিন, যুগান্তর, ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। দিনাজপুরের কাহারোলের কান্তজিউ রাসমেলায় বোমা হামলা, আহত ১০**

দিনাজপুরের কাহারোলের কান্তজিউ মন্দির চত্বরের রাসমেলায় বোমা বিস্ফোরণে ১০ জন আহত হয়েছেন। তাদের মধ্যে ছয়জনকে ভর্তি করা হয়েছে দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে। এ ঘটনায় দিনাজপুর সদর ও কাহারোল থানা পুলিশ একযোগে তদন্ত কাজ শুরু করেছে। পাশাপাশি র‌্যাব সদস্যরাও আলাদাভাবে এ তদন্ত করছেন। গত ৪ ডিসেম্বর শুক্রবার রাত ১২টা ৫০ মিনিটে কান্তজিউ মন্দির মাঠে ভোলানাথ অপেরার যাত্রা প্যান্ডেলে পর পর তিনবার বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)। **সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। জঙ্গি উসকানিদাতাদের চিহ্নিত করা হবে : আইজিপি**

কোনো সমজিদে কেউ জঙ্গিবাদকে সমর্থন করে বক্তব্য দিলে, যারা কৌশলে জঙ্গিবাদকে উসকায়, তাদের চিহ্নিত করার নির্দেশ দিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক। তিনি বলেন, যারা ইসলামের দর্শনকে বিকৃত করে জননিরাপত্তার হুমকি তৈরি করছে, বোমাবাজি করছে, মানুষ হত্যা করছে, এদের বিরুদ্ধে জনমত গড়ে তুলে তা বন্ধ করতে হবে। গতকাল ৫ ডিসেম্বর শনিবার পুলিশ সদর দপ্তরে ইসলামের দৃষ্টিতে জঙ্গিবাদ : বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক মতবিনিময় সভায় পুলিশ প্রধান শহীদুল হক এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১২। প্রবাসীদের জন্য পেনশন স্কিম চালু করার প্রস্তাব গভর্নরের**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান প্রবাসীদের জন্য একটি পেনশন স্কিম চালুর প্রস্তাব দিয়েছেন। তিনি বলেন, যৌবনে প্রবাসে গিয়ে অনেকে কঠোর পরিশ্রম করেন। অর্থ পাঠান। তার আত্মীয়রা সেটা খরচ করেন। কিন্তু পরন্ত বেলা ফিরে এসে দেখেন তার কিছু নেই। পেনশন স্কিম থাকলে তার কষ্ট হবে না। গতকাল ৫ ডিসেম্বর শনিবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের সুরমা রুমে 'সেন্টার ফর এনবিআর কনফারেন্স অন এনবিআর ইনভেস্টমেন্ট : ক্যাপিটাল মার্কেট এন্ড রিয়েল স্টেটেট' শীর্ষক কনফারেন্সে তিনি এই প্রস্তাব রাখেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি অবজারভার** বিজনেস (পৃ.১,ক.১)। **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ, যুগান্তর** : জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে ১৯ জন নিখোঁজ মানুষের স্বজনের কান্না হৃদয়বিদারক উল্লেখ করে এসব নিখোঁজ ব্যক্তিদের পরিণতি সম্পর্কে তথ্য জানানো সরকারের দায়িত্ব বলে মন্তব্য;

চলমান পাতা/৪

খ. **ইত্তেফাক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবন্ধীদের সুরক্ষায় সমাজের বিত্তবানদের এগিয়ে আসার যে আহ্বান জানিয়েছেন তা সময়োচিত উল্লেখ করে এতে সাড়া দিয়ে বিত্তবানদের সহমর্মিতা ও সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান;

গ. **জনকণ্ঠ :** প্রাকৃতিক দুর্যোগের সর্বোচ্চ ঝুঁকি সূচকে বাংলাদেশের অবস্থান এখন ছয় নম্বরে উল্লেখ করে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় প্যারিসে সদ্য শেষ হওয়া জলবায়ু সম্মেলনের গৃহীত সিদ্ধান্তগুলো অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্ব দেওয়ার সুপারিশ;

ঘ. **সমকাল :** মানিকগঞ্জ থেকে ঢাকাগামী একটি বাসে যাত্রী হিসেবে ওঠা ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী চালকের সহকারীর কাছে লাঞ্ছনার শিকার হওয়ার পর অপরাধীর নাম সংগ্রহ করে থানার অভিযোগ করে প্রতিবাদী হওয়ায় এ ধরনের অপরাধ প্রতিরোধে নারীকে অনুপ্রাণিত করবে উল্লেখ করে নারী লাঞ্ছনাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি;

ঙ. **ইনকিলাব :** আবাসন খাতের মন্দাবস্থার কারণে এ খাতে বিনিয়োগকৃত হাজার হাজার কোটি টাকা ঝুঁকির মুখে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ খাতের বিশাল বিনিয়োগকে ফলপ্রসূ করতে সরকারকে বিদ্যমান সমস্যা দূর করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

চ. **ডেইলি স্টার :** দিনাজপুরের কাহারোল উপজেলার কান্তজিউ রাসমেলায় বোমা হামলার ঘটনার নিন্দা জানিয়ে সরকারকে অতিদ্রুত এসব সন্ত্রাসী ঘটনার জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশের চার কোটি ৭০ লাখ দরিদ্রলোকের মধ্যে ২ কোটি ৮০ লাখ লোক চরম দরিদ্রসীমার নীচে রয়েছে উল্লেখ করে কৃষিখাতে অধিক বিনিয়োগ বৃদ্ধিসহ উৎপাদনশীল ও সেবাখাতে আরও চাকুরির সুযোগ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ;

জ. **ডেইলি সান :** নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলার মেঘনা নদীর মেঘনা ঘাট থেকে পূর্ব দিকে আনন্দ বাজার পর্যন্ত নদীর পাড় দখল করে ভূমি সংক্রান্ত কর্মকর্তারা প্লট হিসেবে বিক্রি করে দেওয়ার চিত্র তুলে ধরে মেঘনা নদীকে অবৈধ দখল মুক্ত করার আহ্বান;

ঝ. **নিউজ টুডে :** উৎপাদিত ধানের ন্যায্যমূল্য না পেলে কৃষকরা ধান উৎপাদনে নিরুৎসাহিত হয়ে পড়বে বলে অভিমত প্রকাশ করে ধানের বিক্রয় মুল্য নিয়ে সব ধরনের অসৎ পদক্ষেপ বন্ধ করার সুপারিশ;

ঞ. **নিউ নেশন :** চালু হওয়ার পর দুই বৎসরও হয়নি এমন নয়টি নতুন ব্যাংককে বিদেশি ব্যাংকের কাজ পেতে হলে অবকাঠামো উন্নয়নে অধিক বিনিয়োগ, গ্রামাঞ্চলে শাখা চালু করাসহ জনগণের আস্থা অর্জনে জোরদার কার্যক্রম পরিচালনা করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে স্বাধীন ও নিরপেক্ষ বিচারব্যবস্থা গণতন্ত্রের অংশ বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সন্ত্রাসবাদ দমনে চাই সামাজিক প্রতিরোধ'** শিরোনামের নিবন্ধে ড. ইয়াসমীন আরা লেখা আমাদের পরবর্তী প্রজন্মের জন্য একটি সুন্দর ও কল্যাণময় রাষ্ট্র রেখে যেতে হলে আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে সব অপশক্তির বিরুদ্ধে লড়াই করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা